

ভার্কের ব্যতিক্রমধর্মী শিখন স্কুল

● হেলাদুর রহমান জুয়েল, চাটমোহর (পাবনা) সংবাদদাতা

পাবনা জেলার চাটমোহরসহ চলনবিলের ৩ উপজেলায় প্রাক-প্রাথমিক শিক্ষাসহ প্রাথমিক শিক্ষার উন্নয়নে ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টারের (ভার্ক) ১৬০টি শিখন স্কুল পাঠদান কার্যক্রম পরিচালনা করছে। এসব বিদ্যালয়ে রয়েছে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ক্লাস। শিখন ক্লাব রয়েছে ৪৯টি। ইউরোপীয় ইউনিয়নের আর্থিক ও সেভ দ্যা চিলড্রেনের কারিগরি সহায়তায় এই প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। চাটমোহর, ভাদুড়া ও তাড়াশ উপজেলায় অবস্থিত ভার্কের ১৬০টি স্কুলে বর্তমানে শিক্ষার্থীর সংখ্যা ৫ হাজার ৬৯। বিদ্যালয়গুলোতে শিক্ষিকা রয়েছেন ১৬০ জন। গল্প বল্য দিয়ে শুরু হয় তাদের ক্লাস।

ভার্কের এলাকা সমন্বয়কারী শেখ আরিফ হোসেন জানান, স্কুলগুলো সঠিকভাবে চলছে কিনা ও শিক্ষক-শিক্ষার্থীরা নিয়মিত ক্লাসে আসছে কিনা তা দেখার জন্য উপজেলা সুপারভাইজার ২ জন ছাড়াও ১৪ জন শিক্ষক সহায়ক রয়েছেন। এর ফলে এসব স্কুল বন্ধ রাখা কিংবা ক্লাস ফাঁকি দেবার কোনো সুযোগ নেই। প্রতি মাসে নতবিনিময়ের জন্য অভিভাবক সমাবেশ করা হয়। তিনি আরো জানান, শিক্ষার মান উন্নয়ন, সকল শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত ও পাঠদানে মনোযোগ বৃদ্ধির জন্য ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বই, খাতা, পেন্সিল, ইরেজারসহ বিভিন্ন শিক্ষা উপকরণ প্রদান করা হচ্ছে। শেখ আরিফ জানান, বিভিন্ন জাতীয় দিবস উদযাপন করা ছাড়াও সরকারের বিভিন্ন কর্মসূচিতে আমরা অংশ নিয়ে থাকি। জেলা ও উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কর্মকর্তা, ভার্কের উর্ধ্বতন কর্মকর্তা, এনজিও প্রতিনিধি ও জনপ্রতিনিধিরা এই স্কুলগুলো নিয়মিত পরিদর্শন করে থাকেন। এছাড়া কারিগরি সহায়তা প্রদানকারী সংস্থা সেভ দ্যা চিলড্রেনের কেন্দ্রীয় টিমও নিয়মিত স্কুল পরিদর্শন করে থাকেন। ২০১৬ সালে এই স্কুলের ৪র্থ শ্রেণির শিক্ষার্থীরা সমাপনী পরীক্ষায় অংশ নিয়ে।